যুগান্তর

তারিখ ... 19 DEC 2017 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ......

# নাটোরে প্রথম ও চতুর্থ শ্রেণীর গণিত পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস

## ১০২ স্কুলের পরীক্ষা স্থগিত

**যুগান্তর রিপোর্ট**, *নাটোর*

নাটোরে প্রথম ও চতুর্থ শ্রেণীর গণিত পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হওয়ায় ১০২টি স্কুলের পরীক্ষা স্থগিত করা হয়েছে। ২১ ডিসেম্বর স্থগিত হওয়া পরীক্ষা নেয়া হবে বলে জানান ভারপ্রাপ্ত জেলা প্রাথমিক শিক্ষা অফিসার। ঘটনা তদন্তে গঠন করা হয়েছে তিন সদস্যের কমিটি। সদর উপজেলা সহকারী কমিশনার (ভূমি) শামিম ভূঁইয়ার নেতৃত্বে কমিটির অপর দুই সদস্য হলেন দিঘাপতিয়া এমকে অনার্স কলেজের অধ্যক্ষ আবদুর রাজ্জাক ও ভারপ্রাপ্ত জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা একেএম আনোয়ার হোসেন। আগামী তিন কার্যদিবসের মধ্যে প্রতিবেদন দাখিল করতে বলা হয়েছে। সদর উপজেলার প্রায় চার হাজার শিক্ষার্থী এই পরীক্ষায় অংশ নেয়। সোমবার নাটোর সদর উপজেলার আগদিঘা সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পরীক্ষা শুরু হওয়ার পর হাতে লেখা একটি প্রশ্নপত্র বাইরে পাওয়া যায়। পরীক্ষার প্রশ্নপত্রের সঙ্গে বাইরের ওই প্রশ্নপত্রের হুবহু মিল রয়েছে।